জীবন দীপ্তি

(১ম খণ্ড)

ডিজিটাল প্রকাশক

তথ্য প্রযুক্তি ও গবেষনা বিভাগ

শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ

নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ

Mobile: *+8801787898470*
+8801915137084
+8801674140670

Facebook Page :

Satsang Narayangonj, Bangladesh

শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র অনলাইন গ্রন্থশালা

কিছু কথা

কথাপ্রসঙ্গে শ্রীশ্রীঠাকুর বললেন- দ্যাখ, আমার এই *dictation*-গুলি (বাণীগুলি), এগুলি কিন্তু কোন জায়গা থেকে নোট করা বা বই পড়ে লেখা না। এগুলি সবই আমার *experience* (অভিজ্ঞতা)। যা' দেখেছি তাই। কোন *disaster*-এ (বিপর্য্যয়ে) যদি এগুলি নষ্ট হয়ে যায় তাহলে কিন্তু আর পাবিনে। এ কিন্তু কোথাও পাওয়া যাবে না। তাই আমার মনে হয় এর একটা কপি কোথাও সরিয়ে রাখতে পারলে ভাল হয় যাতে *disaster*-এ (বিপর্য্যয়ে) নষ্ট না হয়।

(দীপরক্ষী ৬ষ্ঠ খণ্ড, ১৯১ পৃষ্ঠা)

প্রেমময়ের বাণীগুলো সবার মাঝে ছড়িয়ে দেয়ার জন্য আমাদের প্রতিটি সৎসঙ্গীর চেষ্টা থাকা উচিত। সেই লক্ষ্যে নারায়ণগঞ্জ শাখা সৎসঙ্গের তথ্য প্রযুক্তি ও গবেষণা বিভাগ ঠাকুরের সেই বাণীগুলোকে অবিকৃতভাবে সকলের নিকট পৌঁছে দেয়ার জন্য কাজ করছে।

ঠাকুরের এই বাণী সম্বলিত গ্রন্থগুলো বর্তমানে সর্বত্র সহজলভ্য নয়। তাই আমরা এই গ্রন্থগুলো অনলাইনে প্রকাশের উদ্যোগ গ্রহন করেছি, যেন পৃথিবীর যে কোন প্রান্ত থেকে যে কেউ গ্রন্থগুলো ডাউনলোড করে পড়তে পারেন। ভুলত্রুটি বা বিকৃতি এড়ানোর জন্য আমরা গ্রন্থগুলো স্ক্যান করে পিডিএফ ভার্শনে প্রকাশ করছি। কোন ব্যক্তিগত বা বানিজ্যিক স্বার্থে নয়, শুধুমাত্র প্রেমময়ের প্রচারের উদ্দেশ্যেই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস।

'জীবন দীপ্তি ১ম খণ্ড' গ্রন্থটির অনলাইন ভার্শন 'সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর' কর্তৃক প্রকাশিত ৫ম সংস্করণের অবিকল স্ক্যান কপি। এজন্য আমরা সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘরের উদ্দেশ্যে বিশেষ কৃতজ্ঞতা জানাই।

পরিশেষে, পরম কারুনিক পরমপ্রেমময় শ্রীশ্রীঠাকুরের রাতুল চরণে সকলের সুন্দর ও সুদীর্ঘ ইষ্টময় জীবন কামনা করি।

জয়গুরু।

শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা কর্তৃক অনলাইন ভার্সনে প্রকাশিত বিভিন্ন বইয়ের লিঙ্ক

আলোচনা প্রসঙ্গে ১ম খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIUHRwMndkdVd2dWs

আলোচনা প্রসঙ্গে ২য় খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIaUVGMC1SaWh0d0k

আলোচনা প্রসঙ্গে ৩য় খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFISTVjZE9lU1dCajA

আলোচনা প্রসঙ্গে ৪র্থ খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIZXlvUWZLTW9JZ1E

আলোচনা প্রসঙ্গে ৫ম খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIay0yb0Q0ZHJxTkk

আলোচনা প্রসঙ্গে ৬ষ্ঠ খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIZ1J5WnZxWm52YkU

আলোচনা প্রসঙ্গে ৭ম খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIbC0teFVrbUJHcG8

আলোচনা প্রসঙ্গে ৮ম খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIMjJuVkl4d0VRNXc

আলোচনা প্রসঙ্গে ৯ম খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIYUFZbmgtbXh1Vzg

আলোচনা প্রসঙ্গে ১০ম খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFISE02akVxNGRvQXM

আলোচনা প্রসঙ্গে ১১শ খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIMFgxSkh5eldwSkE

আলোচনা প্রসঙ্গে ১২শ খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIZy16TkdNaXRIeDA

আলোচনা প্রসঙ্গে ১৩শ খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIVVI1WHVmSXY4NTQ

আলোচনা প্রসঙ্গে ১৪শ খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIczVXa2NTVVVxTHM

আলোচনা প্রসঙ্গে ১৫শ খণ্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFITlJXTE1EMF9xX3M

আলোচনা প্রসঙ্গে ১৬শ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFINTlhR0ZVdi1mWEU

আলোচনা প্রসঙ্গে ১৭শ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIWHZuTlkzOU9YWms

আলোচনা প্রসঙ্গে ১৮শ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIX0t6bXl4NF83U2s

আলোচনা প্রসঙ্গে ১৯শ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIVHJNckZrQjdSYzA

আলোচনা প্রসঙ্গে ২০শ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIV2RXU2gyeW5SVWc

আলোচনা প্রসঙ্গে ২১শ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIVDJkMnVhTWlaNFU

আলোচনা প্রসঙ্গে ২২শ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIVFEwakV2anRXbmM

অনুশ্রুতি ১ম খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIVnBHUDBObEgyaEU

অনুশ্রুতি ২য় খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIOXpRZy05NjJEQTg

অনুশ্রুতি ৩য় খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIeVl0MVZJcWhPcDA

অনুশ্রুতি ৪র্থ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIYmROWHFBNmhLM0U

অনুশ্রুতি ৫ম খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIRDBPRWMtUjd2WG8

অনুশ্রুতি ৬ষ্ঠ খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIUDdoQzRQOVJBZUU

অনুশ্রুতি ৭ম খন্ড

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIamZac1VSUDJIdmM

পুণ্য–পুঁথি

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIVzNlWG56ZGM2Y0U

সত্যানুসরণ

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIOXhIZEdUY3k2N28

সত্যানুসরণ (ইংরেজি)

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIMVIxemZMdExuQWM

ভক্তবলয়

https://drive.google.com/open?id=0B6oiEyC1TYFIQXZrb1FtTU1TNUk

দীপরক্ষী ১ম খণ্ড

https://drive.google.com/open?id=1s8gajL0knuUoZbrdqoc5AUh1prlojIAY

দীপরক্ষী ২য় খণ্ড

https://drive.google.com/open?id=1qNVM34s8-WaqnISbh60BAw3lbQk5LNEP

দীপরক্ষী ৩য় খণ্ড

https://drive.google.com/open?id=12I_f1EiYXP5VvRSucIVgCNhEgmwppkjv

দীপরক্ষী ৪র্থ খণ্ড

https://drive.google.com/open?id=1SOdENKZ2JiTJ_QnzPpR4zQmIQkdAFI8P

দীপরক্ষী ৫ম খণ্ড

https://drive.google.com/open?id=1yFPZO6Zbt19W7idfEAb-yyVNBG_qFhOV

দীপরক্ষী ৬ষ্ঠ খণ্ড

https://drive.google.com/open?id=1jK3MinnthheGw3nkwuQdu84FFZmTSKyK

কথা প্রসঙ্গে ১ম খণ্ড

https://drive.google.com/open?id=1VGCwgNrc0vgDF_iEiLr-wCt8uTcJE3z5

কথা প্রসঙ্গে ২য় খণ্ড

https://drive.google.com/open?id=1IAerP1Ah2sVEZjKT7Z5qaBJR8dd2_Utn

কথা প্রসঙ্গে ৩য় খণ্ড

https://drive.google.com/open?id=1UsePVu2NpnTIKeQeO11G0TX-Km3C_7Bt

নানা প্রসঙ্গে ১ম খণ্ড

https://drive.google.com/open?id=1Sbl6RdI1wOJPl2JZSVM0L9B1ErTwc8e_

নানা প্রসঙ্গে ২য় খণ্ড

https://drive.google.com/open?id=1GuQ2y_oBNfVTVX0ne7vjSKrUJmcPnJTe

নানা প্রসঙ্গে ৩য় খণ্ড

https://drive.google.com/open?id=1zP02UQHwVkppiqmcNNM33L217OJtHHt6

নানা প্রসঙ্গে ৪র্থ খণ্ড

https://drive.google.com/open?id=133lqE6aKIQmb1r3MDhtYtCmNmY9AB9j1

ইসলাম প্রসঙ্গে

https://drive.google.com/open?id=1hTDq4WRejj0eXfH6PzzxDjeZiaW3PeUb

অমিয় বাণী

https://drive.google.com/open?id=1t-lkBDoYrC6t_sAYbtQmSXgoEcPneUKd

অমিয় লিপি

https://drive.google.com/open?id=1zBTbYhUNi_5hbyMk4BkExcSP8mTaDU-M

নারীর নীতি

https://drive.google.com/open?id=14w4WE68UgBNXCB7xsSSHIYI-pSlC-U9h

নারীর পথে

https://drive.google.com/open?id=1wh8GH6c9G2CJYJZ2U0TS-9q-fCVQ7ql3

পথের কড়ি

https://drive.google.com/open?id=10xDHlRnij4jD8Pgk7M_Qu8ELB5PZ01Iv

চলার সাথী

https://drive.google.com/open?id=18_qDsHYSjolbP6J6S0FkO1sdCcz6lqqs

তাঁর চিঠি

https://drive.google.com/open?id=1a9v5I-s2PyrAYgiemOKNAXPIwvG6UI3e

আশীষ বাণী ১ম খণ্ড

https://drive.google.com/open?id=1IoohjFWI8gvmKAX8r6WqZ3ZvC0ktEbBS

আশীষ বাণী ২য় খণ্ড

https://drive.google.com/open?id=1LizCMjM77nC-D9tYxsOJrFQqUekfH5Vr

জীবন দীপ্তি ১ম খণ্ড

https://drive.google.com/open?id=1evnUYAnPVlqlnNSrNHl13QYiKOA_wEgu

জীবন দীপ্তি ২য় খণ্ড

https://drive.google.com/open?id=1tajL9oz221NocRozT88a2C45xfOTYsJz

জীবন দীপ্তি ৩য় খণ্ড

https://drive.google.com/open?id=1zu1f908RV7womSrjW7ibm8_UpOsXeivq

সুরত–সাকী ও শ্রীশ্রীঠাকুরের শ্রীহস্তলিপি

https://drive.google.com/open?id=1n-4e9YDVVxImDEr-oQvk7G0YuTGJTc0h

শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র

https://drive.google.com/open?id=1vszRjJSvBEmPeJG8tJKXGhr5MeO-DJ3-

অখণ্ড জীবন দর্শন

https://drive.google.com/open?id=1zDDiRtgcvg2unJnjBn50Fnh3wUgkn99h

The Message Vol 1

https://drive.google.com/open?id=1R14WahFzEtAnjFdt4F1SNvCeGv5co-tX

The Message Vol 2

https://drive.google.com/open?id=1xFv3hIry577W6u9e12VyprbLmKSjlGtU

The Message Vol 3

https://drive.google.com/open?id=1DEQoHn9sCOLZq374mp6X8HfQGwjjcFOz

The Message Vol 4

https://drive.google.com/open?id=1g3lXXFHnHruEF9PtbsnNGobAtWi_OPnm

The Message Vol 5

https://drive.google.com/open?id=1hMeJy2rOl37PfwXLcUge1Ik6WPWu9nr_

The Message Vol 6

https://drive.google.com/open?id=1pGMbCBKWjqN1q0qBgmou-NICOBifFGG2

The Message Vol 7

https://drive.google.com/open?id=1z4aEbbBVBfGZCqIX2tO72KAALyGijG0W

The Message Vol 8

https://drive.google.com/open?id=16N5A7em8YoC_XvTZgDp7BWDP0Wt1XcJ7

The Message Vol 9

https://drive.google.com/open?id=14803A8jigC5X15YY8ZJGTdnLh7YgiCtY

Magna Dicta

https://drive.google.com/open?id=13SmfYYHfKvIFhTiAlG9y_L_IcdBkxSiV

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

জীবন-দীপ্তি

প্রথম খণ্ড

শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক
শ্রীঅনিন্দ্যদ্যুতি চক্রবর্ত্তী
সৎসঙ্গ পাবলিশিং হাউস
সৎসঙ্গ, দেওঘর, ঝাড়খন্ড

© প্রকাশক কর্ত্তৃক সর্ব্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশকাল
প্রথম সংস্করণ : ভাদ্র, ১৩৭৫
পঞ্চম সংস্করণ : সেপ্টেম্বর, ২০০৭

মুদ্রক
কৌশিক পাল
প্রিন্টিং সেণ্টার
১৮বি, ভুবন ধর লেন
কলকাতা ৭০০ ০১২

JIBAN-DIPTI, Vol. I
by *Sri Sri Thakur Anukulchandra*
5th edition, September 2007

ভূমিকা

সমস্ত মানুষের আদি উৎস এক; ধর্ম্ম বা বাঁচাবাড়ার পথও এক এবং গন্তব্যও অভিন্ন। "ঈশ্বর এক, ধর্ম্ম এক; প্রেরিতগণ একবার্ত্তাবাহী।" তাই সব সম্প্রদায়ই মূলতঃ একপন্থী। আবার, বাস্তবতার দিক দিয়ে দেখতে গেলে পৃথিবীর প্রতিটি মানুষের সাত্বত স্বার্থ অন্য সবার সাত্বত স্বার্থের সঙ্গে অচ্ছেদ্যভাবে জড়িত। তাই, উৎসকেন্দ্রিক পারস্পরিক প্রীতি, সেবা, সাহায্য, সহযোগিতা ও ধারণ-পালনী প্রয়াস ব্যষ্টিগতভাবে প্রত্যেকের এবং সমষ্টিগতভাবে সকলের কল্যাণের পক্ষে অপরিহার্য্য। পরমপ্রেমময় শ্রীশ্রীঠাকুর এই ঈশ্বরৈক-লক্ষ্য মানবমৈত্রীকে সমগ্র সমাজে বাস্তবায়িত ক'রে তুলবার জন্য ব্যাকুল। এ বিষয়ে তাঁর দিব্য উপদেশ, নির্দ্দেশ ও বাণীর অন্ত নেই। তাঁরই ইচ্ছানুবর্ত্তিতায় এবং পরমপূজ্যপাদ বড়দার নির্দ্দেশে শ্রীদেবীপ্রসাদ মুখোপাধ্যায় তৎপ্রদত্ত কতিপয় সর্ব্বজনমঙ্গলকর ঐক্যসন্দীপী বাণী চয়ন করেছেন। পরমদয়াল এই সঙ্কলনের নাম দিয়েছেন 'জীবন-দীপ্তি'। লোককল্যাণার্থে 'জীবন-দীপ্তি' প্রকাশিত হ'ল। জাতি-ধর্ম্ম-সম্প্রদায় নির্ব্বিশেষে সকলেই এই 'জীবন-দীপ্তি'-র পঠন, পাঠন, অনুশীলন ও প্রচারের ভিতর দিয়ে মিলনমধুর অখণ্ড মানবসংহতির সংসৃজনে উদ্দীপ্ত ও কৃতসঙ্কল্প হ'য়ে উঠুন—এই-ই আমাদের অন্তরতম কামনা। বন্দে পুরুষোত্তমম্।

সৎসঙ্গ, দেওঘর

১লা শ্রাবণ, ১৩৭৫ শ্রীপ্রফুল্লকুমার দাস

চতুর্থ সংস্করণের ভূমিকা

সাম্প্রদায়িক সম্প্রীতি-সংস্থাপনার্থে এই অমূল্য বাণী-সঙ্কলনটির চতুর্থ সংস্করণ দয়াল ঠাকুরের শুভ জন্মশতবার্ষিক সংস্করণ রূপে প্রকাশিত হ'ল। জাতীয় সংহতির পথে প্রদীপস্বরূপ এই পুস্তিকাটির শিক্ষা সমাজে আনুক স্বস্তি ও শান্তি—এই আমাদের কামনা।

সৎসঙ্গ, দেওঘর

আষাঢ়, ১৩৯৪

প্রকাশক

পঞ্চম সংস্করণের ভূমিকা

পরমদয়াল-প্রদত্ত অগণিত বাণী হ'তে উদ্ধৃত বাণীচয়নের অমূল্য সঙ্কলন 'জীবন-দীপ্তি'-র পঞ্চম সংস্করণ পূর্বের মতোই সকল মানবের পারস্পরিক সম্প্রীতি রক্ষায় অযুত প্রেরণা সঞ্চার ক'রবে—এই আমাদের ঐকান্তিক বিশ্বাস। বন্দে পুরুষোত্তমম্।

সৎসঙ্গ, দেওঘর
শুভ তালনবমী, ১৪১৪
২১শে সেপ্টেম্বর, ২০০৭

শ্রীঅনিন্দ্যদ্যুতি চক্রবর্ত্তী

আমার কথাগুলি যদি তোমার—
শুধু কথা-ভিতরেরই খোরাক মাত্র হয়—
করার বা আচরণের ভেতর দিয়ে
সেগুলিকে যদি—
বাস্তবেই ফুটিয়ে তুলতে না পার—
তবে—
পাওয়া যে তোমার
অসমাপ্তই রয়ে যাবে—
তা কিন্তু অতি নিশ্চয়—

তোমারই "আমি"

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

১

সৎসঙ্গ চায় মানুষ,
ঈশ্বরই বল, খোদাই বল,
ভগবান বা God-ই বল, অস্তিত্বই বল—
ভূতমহেশ্বর যিনি এক—তাঁ'রই নামে,
বোঝে না সে—
উদাত্তের নামে
প্রেরিত ও অবতারপুরুষদের নামে
গণ্ডী টেনে
প্রত্যেকের বিরুদ্ধে
অন্যদের হ'তে নিজেকে
গণ্ডীনিপীড়িত ক'রে
পারস্পরিক অসহযোগিতায় নিবদ্ধ ক'রে
আত্মঘাতী আমন্ত্রণে
গণবিপর্য্যয়ী ব্যাহৃতিকে সৃষ্টি করে
—এমনতর কেউ বা কিছুকে—
—সে হিন্দুই হো'ক,
মুসলমানই হো'ক,
জৈন, শিখ বা
বৌদ্ধই হো'ক,

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

খ্রীষ্টানই হো'ক,
বা আর যাই
কিছু হো'ক;
সে বোঝে প্রতিপ্রত্যেকে তাঁ'রই সন্তান,
সে আনত ক'রে তুলতে চায়
সকলকে সেই একে,
সে পাকিস্তানও বোঝে না
হিন্দুস্থানও বোঝে না
রাশিয়াও বোঝে না
চায়নাও বোঝে না
ইউরোপ, আমেরিকাও বোঝে না—
সে চায় মানুষ,—
সে চায় সাকীস্থান,
সে চায় প্রত্যেকটি লোক
সে হিন্দুই হো'ক
মুসলমানই হো'ক
খ্রীষ্টানই হো'ক
বৌদ্ধই হো'ক
বা যে-ই যা' হো'ক না কেন,
যেন সমবেত হয় তাঁরই নামে
পঞ্চবর্হির উদাত্ত আহ্বানে—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

অনুসরণে—পরিপালনে
—পরিপূরণে—উৎসৃজী উপায়নে,
পারস্পরিক সহৃদয়ী সহযোগিতায়—
শ্রমকুশল উদ্বর্দ্ধনী চলনে
—যাতে খেটেখুটে প্রত্যেকে
দু'টো খেয়ে-প'রে বাঁচতে পারে
সত্তা-স্বাতন্ত্র্যকে রেখে
সম্বর্দ্ধনার পথে চ'লে,
প্রত্যেকটি মানুষ যেন বুঝতে পারে—
প্রত্যেকেই তা'র,
কেউ যেন না বুঝতে পারে—
সে অসহায়, অর্থহীন, নিরাশ্রয়,
প্রত্যেকটি লোক যেন বুক ফুলিয়ে
বলতে পারে—
আমি সবারই,
আমার সবাই—
সক্রিয় সাহচর্য্যী অনুরাগোন্মাদনায় ;
সে চায় একটা পরম রাষ্ট্রীক সমবায়
যা'তে কারও সৎ-সম্বর্দ্ধনার
এতটুকুও ত্রুটি না থাকে,
—অবাধ হ'য়ে চ'লতে পারে প্রতিপ্রত্যেকে
এই দুনিয়ার বুকে

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

এক সহযোগিতায়
আত্মোন্নয়নী শ্রমকুশল
সেবা-সম্বর্দ্ধনা নিয়ে
পারস্পরিক পরিপূরণী সংহতি-উৎসারণায়
—উৎকর্ষী অনুপ্রেরণায় সন্দীপ্ত হ'য়ে
সেই আদর্শ পুরুষে—
সার্থক হ'তে সেই এক অদ্বিতীয়ে।

(ধৃতি-বিধায়না, প্রথম খণ্ড, বাণী-সংখ্যা ৩৯৪)

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

২

হিন্দুই হো'ক, মুসলমানই হো'ক,
খ্রীষ্টানই হো'ক—
বিশেষতঃ এই ভারতের হিন্দু, মুসলমান, খ্রীষ্টান
আর, যেই হো'ক না কেন,—
প্রত্যেকেরই রক্ত সেই একই ভাণ্ডারেরই
বিভিন্ন গোত্রেরই অবতারণা;
ধর্ম্ম মানুষকে উৎসারণায় উদ্বুদ্ধ করে,
মানুষকে একতানে আবদ্ধ করে,
ধ'রে রাখে তার সত্তা
কৃষ্টির পথে, সত্ত্বা-সম্বর্দ্ধনায়, ধৃতি-বিনায়নায়,
—ঈশ্বরের দিকে নিয়ে যেতে থাকে
একটা সার্থক-সমন্বয়ী সম্বর্দ্ধনী উৎসারণায়;
ধর্ম্ম রক্তকে কলঙ্কিত করে না,
সংহতিকে ভেঙ্গে ফেলে না,—
বরং সে পরম একত্বে উন্নীত ক'রে রাখে সবাইকে—
প্রত্যেকটি ব্যক্তিস্বাতন্ত্র্যকে বজায় রেখে
বৈশিষ্ট্যপালী উৎসারণী অভিনন্দনে,—
পরম সত্তানুপূরক সহযোগিতায়
পারস্পরিক আত্মনিয়ন্ত্রণে

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

শ্রমে—প্রস্তুতিতে—
উপচয়ী পরিপোষণী পরিপূরণে,
এই রক্ত-সংহতিতে যা'রা সংঘাত আনে—
সম্বর্দ্ধনাকে যা'রা প্রবঞ্চিত করে—
সর্ব্বনাশা আত্মস্বার্থী, আত্মম্ভরি অভিযান নিয়ে
মিথ্যার মুখে একটা সত্যের মুখোস-পরা
বিচ্ছেদী, বিকল্পনী বিদ্রোহ ও বিপ্লবের
উত্তাল তরঙ্গ সৃষ্টি করে,—
ভুলে যায় তা'রা বা
ইচ্ছা ক'রেই সে চক্ষু আবৃত করে
যে
প্রেরিত-পুরুষ প্রত্যেকেই প্রত্যেকের
আধ্যাত্মিক রূপান্তরীণ পরিক্রমা,—
সেই পরমপুরুষেরই
একই বাণীবাহী যন্ত্রস্বরূপ,
কোন একেরই নিন্দা মানে—
প্রত্যেকেরই অবদলন;
যা'রা এই বিচ্ছেদের বাণীবাহী
তা'রা কি ধ্বংসের দূত নয়?
শয়তানের পূজারী নয়?
রক্তের গ্লানি নয়?
সৎ-ত্ব বা সতীত্বের ধর্ষী নয়?

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

যদি মানুষ হও,
সত্তাকে যদি ভালই বাস,
ঈশ্বরের জীবন্ত বেদীর সম্মুখে
সম্বর্দ্ধনার পূজারী হওয়াটাকেই যদি
শ্রেয় মনে কর,
সার্থকই যদি হ'তে চাও ঈশ্বরে,
তুমি হিন্দুই হও—
মুসলমানই হও—
খ্রীষ্টানই হও—
আর, যে-ই হও না কেন—
কিছুতেই এ ব্যভিচারকে
বরদাস্ত ক'রবে না,
প্রাণের আকণ্ঠ ক্ষমতা দিয়ে নিরোধ ক'রবে
তা'র প্রতিটি পদক্ষেপকে ;
যে রক্তকে অবজ্ঞা করে
সে ধর্ম্মকে অবজ্ঞা করে,
যে ধর্ম্মকে অবজ্ঞা করে
সে ঈশ্বরকে অবজ্ঞা করে,
সর্ব্বান্তঃকরণে এই রক্তদ্রোহী,
ধর্ম্মদ্রোহী, ঈশ্বরদ্রোহী অভিযানকে
অবদলিত ক'রে তোল ;
হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রীষ্টান,
শিখ, জৈন, আর যে-ই হো'ক, যা'ই হো'ক,
সবাইকে আমরা চাই—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

যা'রা ঈশ্বরকে মানে,
পূরয়মাণ আদর্শপুরুষদিগকে মানে,
গোত্রকে অর্থাৎ পিতৃপুরুষকে মানে,
ঈশ্বরের একত্বে যা'রা বিশ্বাসী,
একায়তনী সমাবেশে যাদের শ্রদ্ধা আছে,
সম্বর্দ্ধনী বৈশিষ্ট্যপালী আত্মনিয়ন্ত্রণে
যা'রা প্রবুদ্ধ;
সেই একেরই ঘরে সমাবেশ হ'য়ে
পারস্পরিক সহযোগিতার সহিত
প্রত্যেককে উন্নত ক'রে
জীবনে, সম্পদে, সেবা ও সাহচর্য্যে
আমরা বাঁচতে চাই—বাড়তে চাই,
দুনিয়ায় স্বাধীনভাবে বিচরণ ক'রে
স্বস্তি-সম্বোধি নিয়ে
জীবনকে উপভোগ ক'রতে চাই,
খেয়ে-প'রে উপচয়ে
উপচয়ী সম্বর্দ্ধনায়
যোগ্যতাকে আরোতর উদ্দীপ্ত ক'রে
আমরা বাঁচতে চাই—
বৈশিষ্ট্য ও ব্যক্তি-স্বাতন্ত্র্যকে
ধৃতি-তান্ত্রিকতায়—
পালনে-পোষণে-পূরণে সমৃদ্ধ ক'রে;

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

পরস্পর পরস্পরের সেবা-সম্বর্দ্ধনাকে
উপভোগ ক'রে
দ্যুতি-উদ্দীপ্ত হ'য়ে
আমরা বাঁচতে চাই—বাড়তে চাই,
জীবনকে উপভোগ করতে চাই;
যা'রা এ-চাওয়ায় বিপর্য্যয় আনে,
ব্যাঘাত আনে,
বিধ্বস্তি নিয়ে আসে,
বিক্ষোভ নিয়ে আসে,
ভঙ্গুর ক'রে তোলে একে—
তা'দিগকে নিরোধ ক'রতে চাই,
স্তব্ধ ক'রতে চাই,
নিরস্ত ক'রতে চাই—
তা'দের প্রতিটি অগ্রসরকে
ব্যাহত ক'রতে চাই আমরা;
দূরে কেন, সে তো বেশী দিন নয়—
যে-দিন হিন্দু-মুসলমানের মিলিত চক্রান্তে
বাংলার নবাব সিরাজকে
মস্‌নদচ্যুত ক'রে
মৃত্যুমর্দ্দনে বিমর্দ্দিত ক'রে তা'কে
ইংরেজকে সাহায্য ক'রে
তা'দের হাতে দেশকে তুলে দিয়েছিলাম,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

সে পুণ্যই হো'ক আর পাপই হো'ক—
তা'দের আওতার ভিতরে দাঁড়িয়েও
হিন্দু মুসলমানকে ছাড়েনি,
মুসলমানও হিন্দুকে ছাড়েনি,
সেই না-ছাড়াই কি আজকে
এমন আত্মঘাতী বিপ্লবেও
ক্রূর উদ্দীপনা সৃষ্টি ক'রেছে?—
ব্যভিচারের বীভৎস লীলার
পৈশাচিক নাচনে
মত্ত ক'রে তুলেছে মানুষকে?
আমাদের জানা ছিল—
মুসলমান হিন্দুকে ত্যাগ ক'রতে পারবে না,
হিন্দুও মুসলমানকে ত্যাগ ক'রতে পারবে না,
যে-মতবাদের যে-ই পূজারী হো'ক না কেন,
যে-কোন আশ্রমের যে-ই হো'ক না কেন—
তা'রা পরস্পর পরস্পরের সতীর্থ,
আজকার এদিনে
সন্দেহসঙ্কুল হৃদয় যদিও—
সে-জানাটা ক্ষতবিক্ষত যদিও—
কিন্তু বুঝ এখনও উঁকি মারে,
প্রচেষ্টা এখনও এমন দিন আনতে পারে—
যা'তে আমরা সবাই সে-দিনকে
'স্বাগতম্' ব'লে ডেকে অভিনন্দন জানাতে পারি।

(চর্য্যা-সূক্ত, বাণী-সংখ্যা ৫২)

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

৩

যা'রা পঞ্চবর্হিকে স্মরণ ক'রে চলে,
আর, জীবনকে নিয়ন্ত্রিতও করে তেমনি—
আপূরণী ইষ্ট, ধর্ম্ম ও কৃষ্টির
অভ্যুদয়ী অভিনন্দনায়,
তা'রা সর্ব্বতোভাবে আর্য্যীকৃত,
তাই, তা'রা আর্য্য—
তা'দের বীজ-বৈশিষ্ট্য বহন ক'রে,—
তা' তা'রা বৈষ্ণবই হো'ক
শাক্তই হো'ক, শৈবই হো'ক,
সৌরই হো'ক, গাণপত্যই হো'ক,
তান্ত্রিকই হো'ক, শিখই হো'ক,
জৈনই হো'ক, বৌদ্ধই হো'ক,
মুসলমানই হো'ক, খ্রীষ্টানই হো'ক,
আর, যা'ই কিছু হো'ক না কেন।

(আর্য্যকৃষ্টি, বাণী-সংখ্যা ১৩৪)

৪

আমি বুঝি এই,—
ঈশ্বর মানে আমি বুঝি—
অধিপতি,
যিনি আমাদের
ধারণ-পালন করেন;
খোদা মানে আমি বুঝি—
প্রধান,
যিনি আমাদিগকে
প্রকৃষ্টরূপে ধারণ করেন;
God কথাও নাকি হ'য়েছে
'হু'-কথা থেকে,
'হু' মানে আরাধনা,—
আমাদের আপদ্-বিপদ্
দুঃখ-দৈন্যের জন্য
আমরা যাঁকে আহ্বান করি,
শক্তি প্রার্থনা করি—
যা'তে আমরা
আপদ-বিপদ হ'তে নিষ্কৃতি পাই,

উচ্ছল হ'য়ে উঠি
ও দীপ্ত হ'য়ে উঠি,
অস্তিত্বে অবাধ হ'য়ে উঠতে পারি ;
তাহ'লে দেখ—
এ-সবগুলি ঈশ্বরেরই গুণাবলী ;
তাই বলি—
সকলের ঈশ্বরই এক ;
আমরা
প্রার্থনা করি তাঁ'র কাছে,
প্রার্থনা মানে—
প্রকৃষ্টরূপে চলা,
যে-চলার ভিতর-দিয়ে
আমরা আমাদের অস্তিত্বকে
সামাল রেখে চ'লতে পারি,
সম্বৃদ্ধ রেখে চ'লতে পারি,
সন্দীপ্ত রেখে চ'লতে পারি ;
যে যা'ই বলুক না কেন—
ঈশ্বরের কোন
অংশীদার নেই,
তিনি
ভরদুনিয়ার
ব্যষ্টিশুদ্ধ সমষ্টির
একমাত্র অধিপতি,—

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

যা' ঋষিরা—
মহানরা
আমাদের কাছে ব'লে গিয়েছেন—
যে-নিয়ম বা
নীতি-অনুসারে চ'ললে
আমরা আমাদের
সেই উদ্ধাতাকে
আমাদের সেই নন্দনার
একমাত্র অধিপতি যিনি—
তাঁকে
ধ'রে, ক'রে, চ'লে
বোধবিবেকের অনুনয়নে
সাত্বত স্বস্তির
অধিকারী হ'তে পারি ;
তাই, হিন্দুই বল,
মুসলমানই বল,
ক্রীশ্চানই বল,—
যে যা'ই বলুক না কেন,
ঈশ্বরকে উপলক্ষ্য ক'রে
যে যা'ই করুক না কেন,
তা' সেই এককেই
আরাধনা করা ;

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

আল্লার কথা,—
শুনেছি নাকি
অথর্ব্ববেদ
তাঁকে 'অল্লা'ই ব'লেছেন,
আর, সেই
'অল্লা' মানে হ'ল
যিনি সব যা'-কিছুকে
গ্রহণ করেন ;
তবেই দেখ—
আমরা
সম্প্রদায়ের প্রাধান্যকে বড় ক'রে
ঈশ্বরের শরিক
আরোপ ক'রতে চাই,
এমনতর দুর্ম্মদ স্বার্থলোলুপতা
কি আর আছে?
ফল কথা,
ধর্ম্মতঃ
ধৃতিসন্দীপনী তৎপরতার জন্য
সত্তাকে
স্বস্তিময় ক'রে রাখবার জন্য
আমরা
ঐ একজনকেই ডেকে থাকি—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

যা'র যেমন ঐতিহ্য,
প্রথা বা রীতি-মাফিক;
আমরা যখন তাঁ'র দিকে তাকিয়ে
হিন্দুকে অবজ্ঞা করি,
যখন তাঁর দিকে তাকিয়ে
মুসলমানকে অবজ্ঞা করি,
যখন তাঁ'রই দিকে তাকিয়ে
ক্রীশ্চানকে অবজ্ঞা করি,
তখন কি
তাঁ'কেই অবজ্ঞা করি না?
ঈশ্বরীয় ঐশ্বর্য্যের
আরাধনার জন্য
ধাতা যিনি—
দীন-দুনিয়ার মালিক যিনি—
তাঁ'র
ধারণাদীপ্ত অনুদীপনাকে
একটা বেকুবের মত
ভাগ ক'রে দিই—
কটু দৃষ্টি নিয়ে,
তা'তে কি তা'
সার্থক হয় কখনও?
তা' হয় না;

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

সম্প্রদায় হ'তে পারে—
আচার-বিচার, খাদ্যখানা নিয়ে,
বিবাহ-সম্বন্ধ ইত্যাদি নিয়ে,
দেশ-কাল-পাত্র হিসাবে
যে-দেশে যেমনতর প্রথা
সেই প্রথার ভিতর-দিয়ে
ঐ উর্জ্জনাকে
অনুভব করি আমরা,—
তা' সেখানকার
পূজা-পার্ব্বণ-প্রথা ইত্যাদি
যা'তেই বল না কেন;
যখনই তুমি হিন্দু হ'য়ে
একজন মুসলমানকে
সাহায্য ক'রছ না
বাঁচতে-বাড়তে,
একজন মুসলমান হ'য়ে
একজন হিন্দুকে
সম্বর্দ্ধনাদীপ্ত হ'য়ে
বৃদ্ধি পাওয়ার জন্য
পরিচর্য্যা ক'রছ না,
যখন তুমি
একজন ক্রীশ্চান হ'য়ে

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

হিন্দু-মুসলমান যেই হো'ক
তা'র সমৃদ্ধির জন্য
চেষ্টা ক'রছ না,
সমবেদনা প্রকাশ ক'রছ না,
পরিচর্য্যা পরিশ্রমে
তা'কে
আপদমুক্ত ক'রছ না,
যে-ভাষায়
যেমন ক'রেই বল না কেন—
ঈশ্বরকে
তুমি সেই মুহূর্ত্তেই
অবজ্ঞা ক'রছ;
এমন-কি
দুষ্টকে যদি
শিষ্ট ক'রতে না চেয়ে
কেবলই শাস্তি বিধান কর,
তা'ও কিন্তু—
আমার মতে—তা'ই;
তুমি
সন্ধ্যা-আহ্নিক কর,
নামাজ কর,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

তোমাদের ঋষিরা
প্রেরিত-পুরুষরা
যা' শিখিয়ে দিয়েছেন—
যেমন ক'রে আচমন ক'রতে
তেমন ক'রেই কি
আচমন কর না?
আমি তো বলি
আচমন-প্রথা ব'লে দেয়—
তুমি পরিশুদ্ধ হও,
ঈশ্বরের কাছে প্রার্থনা কর,
শিষ্ট হও,
প্রীতিপুষ্ট হও,
সুসন্দীপ্ত হ'য়ে
বৈশিষ্ট্যপালী আপূরয়মাণ তৎপরতায়
প্রতিপ্রত্যেককে
শিষ্ট ও
পোষণ-প্রদীপ্ত ক'রে তোল—
প্রীতিচর্য্যী অনুকম্পা নিয়ে,
আর, তা'ই হবে
তোমার জীবনের
বাস্তব ঈশ্বর-আহুতি;

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

এ-ছাড়া
লাখ সম্প্রদায়ই
সৃষ্টি কর না কেন—
ভেদ-সন্দীপ্ত
শাতনী সম্বর্দ্ধনাই
বেড়ে চ'লবে,
স্বর্গ
তোমাদের কাছে
বিসর্গে পরিণত হবে ;
তাই বলি আমি,
যদি ধার্ম্মিক হও—
সবাই তোমার ঈশ্বরীয় সম্পদ্,
অধার্ম্মিক হও—
তা' ধর্ম্মের অজুহাতেই হোক্,
আর, যে দিক্-দিয়েই হোক্ না কেন—
ঐ শাতনী সন্দীপনার
কর্কশ চক্ষুই লাভ হবে ;
মনে রেখো—
মানুষ-মানুষে মতান্তর হ'লেও
ঈশ্বরীয় ধর্ম্মে
কা'কেও অন্তরিত করা যায় না,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

বরং শাতন-ধর্ম্মে
অন্তরিত করা যায়,—
যদিও প্রত্যেকের
জীবনীয় ঐতিহ্য
ও কুল-সংস্কার
অনেক আলাহিদা থাকতে পারে ;
আর, ধর্ম্ম মানেই
ধৃতি-আচার,
বাঁচা-বাড়ার আচার,
স্বস্তিসম্বেদনার আচার ;
প্রত্যেক প্রেরিত-পুরুষই বল,
আর অবতারই বল,—
তাঁরা বৈশিষ্ট্যপালী আপূরয়মাণ,
তাঁরা
ভেদবৃত্তি পরিবেশন করেন না
কোথাও,
দেশ-কাল-পাত্রানুযায়ী
যেখানে যা'র যেমন প্রয়োজন হয়—
তা'ই ক'রে থাকেন,
পূর্ব্বতনদিগকে শিষ্ট বিনায়নে
বিনায়িত ক'রেই
তাঁ'রা চ'লে থাকেন,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

এই প্রেরিত-পুরুষদের ভিতর
যা'রা বিভেদ করে—
তা'রা তখনও বিকারগ্রস্ত ;
মোট কথা—
একজন
প্রকৃত ঈশ্বর-উপাসনাকারী
শিষ্ট হিন্দু, একজন শিষ্ট মুসলমান,
একজন শিষ্ট খ্রীশ্চান—
প্রত্যেকেই
হৃদ্য অনুধ্যায়নায় নিবদ্ধ,
ঈশ্বরের যত নামই থাক,—
তাঁ'রা ঐ সেই
একজনেরই উপাসক,—
ক্রম-তাৎপর্য্যের তফাৎ থাকতে পারে ;
আমার ক্ষুদ্র বুদ্ধিতে
যা' বুঝি—
তা' এই ;
তাই বলি, সম্প্রদায়ের খাতিরে
মানুষকে কি ভ্রান্ত করা ভাল ?

(আদর্শ-বিনায়ক, বাণী-সংখ্যা ১১১)

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

৫

যিনি বর্ত্তমান প্রেরিত-পুরুষোত্তম—
তিনি ব্যষ্টি-বৈশিষ্ট্যপালী
আপূরয়মাণ পূর্ব্বতনদিগের কোহিনূরস্বরূপ,
আবার, তিনিই
তাঁ'র ভবিষ্যের 'স্বাগতম্'-প্রেরণা।

(আদর্শ-বিনায়ক, বাণী-সংখ্যা ১৯৮)

৬

ধর্ম্ম এক,

আর, ধর্ম্ম মানেই হ'চ্ছে

তেমনতর চলন-বলন,—

যা' নাকি সত্তাকে

ধারণ, পালন ও বর্দ্ধন ক'রে

চ'লতে থাকে,

আর, সেই আচরণে চলাই হ'চ্ছে—

ধর্ম্মাচরণ ;

এই ধর্ম্মাচরণ—

যে যেমনই হো'ক্ না কেন

যে ভাষাভাষীই হো'ক্ না কেন,

সকলের পক্ষে এক জাতীয়,—

যা' অনুসরণ ক'রে

দেশকালপাত্রানুপাতিক

মানুষ ঐ ধৃতি-উৎসারণে

উৎসারিত হ'য়ে

সত্তাকে ধারণ-পালন-বর্দ্ধনে

শিষ্ট ও সুষ্ঠু সম্বেদনার সহিত

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

লোকপ্রীতি সহ
সাম্য যোজনায়
নিজেকে ও নিজ-পরিবেশকে
সর্ব্বতোভাবে
সুষ্ঠু সম্বর্দ্ধনার দিকে
এগিয়ে নিতে পারে,
আর, এর ভিতরেই আছে—
ধৃতি-বিধায়নার
সমীচীন দর্শন,
মানে, যে-বিধায়না মেনে চ'লে
বা পরিপালন ক'রে
সম্বর্দ্ধনাকে
সুষ্ঠু তাৎপর্য্যে উচ্ছল ক'রে
তুলতে পারা যায়;
আর, ধর্ম্মের মূলকেন্দ্রই হ'চ্ছেন
সেই আচার্য্য—
যিনি আচরণ ক'রে
এই তুক্‌গুলি জেনে-শুনে
নিজে পরিপালন ক'রে
সার্থকতায় পদক্ষেপ ক'রেছেন;
আর, ঐ ধর্ম্মের বিন্দুই হ'চ্ছে—
প্রাজ্ঞ জ্ঞানই হ'চ্ছে—
সেই পরম সাত্বত সন্দীপনাকে জানা,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

যা' জেনে
যা'র নিয়মনে
ঐ সম্বর্দ্ধনাকে
সুষ্ঠু সৌকর্য্যে বিনায়িত ক'রে
সার্থকতায় উপনীত হওয়া যায়,
আর, তা'র পথই হ'লেন—
ঐ জ্ঞাতা যিনি,
যিনি আচার্য্য,
আর, তিনিই হ'চ্ছেন—
'গড়্'ই বল,
ঈশ্বরই বল,
ব্রহ্মই বল,
আর, যা-ই বল—
বাচনিক তাৎপর্য্যে
যাঁ'কে ইঙ্গিত করা যায়,
এইতো হ'ল কথা;
তাহ'লে ধরতে গেলে
আমরা সবই
ঐ অল্লা বল,
বিষ্ণু বল,
বা ঈশ্বরই বল,—
ঐ সেই একেরই উপাসক,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

উপাসক মানে—
অস্খলিত নিষ্ঠায়
আচার্য্য-নৈকট্যে সমাসীন হ'য়ে
শিষ্ট সম্বর্দ্ধনায়
আচার-ব্যবহার,
চাল-চলন, কথাবার্ত্তা
সব যা'-কিছু দিয়ে
যা'তে উপস্থিত থাকতে পারি—
এই জীবনকে
অজচ্ছল দৈর্ঘ্য-সন্দীপনায়
নিয়ন্ত্রিত ক'রে,
অর্থাৎ, বহুকালব্যাপী
নিজেকে গ'ড়ে
স্বস্থ, শুদ্ধ ও সুন্দর ক'রে;
সমস্ত পরিবেশের
প্রাণন-দীপনা হ'য়ে
এবং পরিবেশের প্রত্যেককে
প্রাণনদীপনা ক'রে
ঐ এক-সন্দীপনী তাৎপর্য্যে
নিজেকে সুব্যবস্থ ক'রে
চ'লতে থাক—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

তা' কথায়-কাজে,
চিন্তায়-চলনে—
সব দিক্-দিয়ে,
এইতো হচ্ছে ব্যাপার ;
জীবন-প্রেরণার মূল কেন্দ্র
সবারই কিন্তু এক,
তাই, একই আমাদের উপাস্য ;
আর, তাঁ'র দিকে
যে যেমন ক'রে
এগিয়ে যেতে পারে—
সার্থকতাও সেখানে তেমনি
বিজলী-বিভায়
চরিত্রে উৎকীর্ণ হ'য়ে থাকে—
ঐ আচরণ-দুন্দুভির
চারিত্রিক বিনায়নী
চর্য্যাপূর্ণ সৌষ্ঠব-সৌন্দর্য্যে ;
আর, সার্থকতা তো তা'ই
তা' কিন্তু সবারই ;
বাস্তব জগতে
এখনও হয়তো দেখতে পাবে—
একজন আর্য্য,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

একজন মুসলমান ঋষি,
একজন খ্রীষ্টান ঋষি,
একজন হিন্দু ঋষি
এক দাঁড়ায় চ'লছেন,
বাস্তবে তাঁ'রা সবাই আর্য্য,
আর, আর্য্য মানে
ইষ্টনিষ্ঠ আত্মোৎকর্ষণী অনুশীলন নিয়ে
যাঁ'রা চ'লেছেন—
সত্তাঘাতী সঙ্ঘর্ষ
ও ব্যভিচারকে এড়িয়ে,
সবারই কথা,
সবারই রকম,
সবারই চালচলন ও আচার-অনুনয়ন
এক ধাঁচের—
অনুভূতির উদাত্ত চলনায়,
তাঁদের ভাষা হয়তো বিভিন্ন হ'তে পারে;
এঁদের পরিচর্য্যায়
কোন হিন্দুও মুসলমান হয় না,
কোন মুসলমানও হিন্দু হয় না,
কোন হিন্দু খ্রীষ্টানও হয় না,
বা কেউই কিছু হয় না,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

জাগে
বিন্দুতৎপর অভিজ্ঞান
অর্থাৎ, জ্ঞানদীপ্ত অভিদীপনা ;
এ সামাজিক অভিজ্ঞান নয়কো,
বরং সম্যক্ ধারণায়
সমাধির ধী-ঐশ্বর্য্য,
যেমন, বিজ্ঞানের বিভিন্ন লোকের
বিভিন্ন দর্শনে
যে-সমস্ত অভিজ্ঞান—
তা' যাঁ'রা কৃতী
সুষ্ঠু সাধক—
তাঁ'দের সবারই
এক অভিনিবেশের
বিদীপ্ত অভিকম্পন,—
যা' জ্ঞানদীপান্বিত ;
এর দাঁড়াই হচ্ছে—
অন্তর এবং বাহিরের
বৈধী-অনুচলনদীপ্ত কৃতি-আলোক ;
যে যা'র ঐতিহ্যকে
যদি মেনে চলে,
সদাচারকে মেনে চলে যদি,
তুল্য ঘরে যদি বিয়ে করে,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

প্রধানতঃ গোত্রসমন্বয় যদি ঠিক থাকে,
বিকৃত বিবাহ যদি না হয়,
খাদ্যাখাদ্য
সদ্‌বিনায়নায় সংগ্রহ ও ব্যবহার করে
এবং কুলাচার, ধর্ম্মাচরণ ইত্যাদি
সুনিষ্ঠ তাৎপর্য্যে মেনে চলে—
নিষ্ঠানিবেশ ও ভক্তি নিয়ে,
বিক্ষেপগুলির দ্বারা বিকৃত না হ'য়ে,
অবস্থামত লোকচর্য্যা তৎপরতায়,—
তা'রা যা'ই হো'ক—
হিন্দুই হো'ক
মুসলমানই হো'ক
খ্রীষ্টানই হো'ক—
তা'রা একধর্ম্মী,
কা'রো সাথে কা'রো দ্বন্দ্ব থাকতে পারে না,
তা'দের সাথে
আচার-ব্যবহার ইত্যাদি সবই হ'তে পারে—
জাতি, বর্ণ ও দেশে
বিধ্বস্ত না হ'য়ে,
আর, দ্বন্দ্ব থাকলে তখনই বুঝবে—
তা'রা দ্বন্দ্বাত্মিক অনুচলন নিয়ে চলে,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

আর, দ্বন্দ্বাত্মিক চলনে যা'রা চলে—
তা'রা ব্যভিচারকেই
আচার ব'লে ধ'রে নেয়,
আন্তরিক আত্মানুশাসন
তা'দের অন্তরে কিন্তু কমই;
আবার বলি, শোন—
খাদ্যাখাদ্যের 'পরে নির্ভর করে
জীবনীয় সংস্থিতির সুষ্ঠু উপকরণ,
তাই, আচার-নিয়ম
এবং খাদ্যাদির অনুনয়ন
যা'তে বৈশিষ্ট্যপালী আপূরয়মাণ হ'য়ে ওঠে—
সাত্ত্বিক স্বাস্থ্য-আপূরণী হ'য়ে ওঠে,
রাজস বা অন্ততঃ তামস আহার
কিছুতেই না হয়,
এমনতরভাবে
ব্যক্তিগতভাবেই হো'ক
পারিবারিকভাবেই হো'ক
সেগুলিকে বিধায়িত ক'রে নিয়ে
শিষ্ট ধৃতিপ্রসূ যা'
তা'র আপূরয়মাণ হ'য়ে ওঠে—
তেমন ক'রে চ'লে
কৃষ্টিকে বিনায়িত ক'রে

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

তা'র সার্থকতাকে
ব্যক্তিত্বে প্রতিফলিত ক'রে নিয়ে
চ'লতে হবেই কি হবে,
আর, নিজ-নিজ সৎ-কুলাচারগুলিও
তদনুগ যা'তে হয়—
তাই-ই ক'রতে হবে;
সে-সবগুলি না ক'রে
যা'ই কর না,—
ব্যর্থতা
কুফল-উদ্গারী ব্যাদানে
সত্তাকে, সমাজকে, জাতিকে—
তা' সে যে-ই হো'ক না কেন,
তা'র ধ্বংস-আবর্ত্তনে খান-খান ক'রে ফেলবে ক্রমশঃ,
তাই সাবধান!

(ধৃতি-বিধায়না, দ্বিতীয় খণ্ড, বাণী-সংখ্যা ৩২৬)

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

৭

যা'রা ঈশ্বরকে মানে,
আদর্শ-পুরুষকে মানে, ধর্ম্মকে মানে,
অনুসরণ করে সাধ্যমত,
তা' সত্ত্বেও তা'দের যা'রা
ম্লেচ্ছ, কাফের বা হেদেন ভাবে বা বলে—
বুঝতে হবে সেই তা'দের মধ্যে
ম্লেচ্ছ, কাফের বা হেদেন-ভাবেরই
অভিব্যক্তি বেশী—
এক-লহমায় তা'রা দুষ্কর্ম্মপ্রবণ হ'তে পারে।

(ধৃতি-বিধায়না, প্রথম খণ্ড, বাণী-সংখ্যা ৩৮৮)

৮

বুদ্ধ ঈশায় বিভেদ করিস
শ্রীচৈতন্যে রসুল কৃষ্ণে,
জীবোদ্ধারে হন আবির্ভাব
একই ওঁরা তাও জানিস্‌নে?

(অনুশ্রুতি, প্রথম খণ্ড)

৯

হজরত রসুলই হ'ন—
বা তাঁর পূর্ব্ববর্ত্তী প্রেরিত-পুরুষই হ'ন—
আর, পরবর্ত্তী যাঁ'রাই হ'ন—
তাঁদের পরস্পরকে পরস্পরের
প্রতিবাদক ব'লে যা'রা মনে করে
তা'রা ভুলই করে ;
তাঁরা প্রতিবাদক তো ন'নই,
বরং পরস্পর পরস্পরের অনুপূরক,
কারণ, প্রত্যেকে তাঁ'রা
এক, অদ্বিতীয়েরই অনুপ্রেরিত বার্ত্তিক,
দেশ-কাল-পাত্র-ভেদে
যে-সমস্ত সত্তানুপূরণী বিধান আছে—
আপাত-দৃষ্টিতে সেগুলির গরমিল দেখলেও
বিবেচনার বিহিত অনুচর্য্যায়
সেগুলিকে পর্য্যবেক্ষণ ক'রলে
মীমাংসা সলীলই হ'য়ে উঠবে ;
তাই প্রেরিতদের ভিতর
ভেদ দেখতে যেও না, কৃষ্টি-বৈশিষ্ট্যে দাঁড়িয়ে
তাঁদের থেকে অনুপূরণী যা'-কিছু সংগ্রহ ক'রে

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

আরো হ'তে আরোতরে
বিবর্ত্তিত ক'রে তোল নিজেকে ;
প্রত্যেক পূর্ব্বতন যাঁর, প্রত্যেক বর্ত্তমানও তাঁর,
তাই, প্রত্যেক বর্ত্তমান প্রত্যেক পূর্ব্বতনকে
অনুপূরণী ধ'রে তাঁর অনুপূরণী হ'য়ে যদি না দাঁড়ান,
তাঁ'র ভিতরে ঐ পূর্ব্বতন
আবির্ভূতও হ'তে পারেন না,
অন্বিতও হ'তে পারেন না ;
পূর্ব্বতনের প্রতিবাদক যাঁরা তাঁরাই পর,
অনুপূরক যাঁরা, তাঁ'রাই আপ্ত।

(আদর্শ-বিনায়ক, বাণী-সংখ্যা ৮০)

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

১০

রসুলপূজা করলে তোদের
জাত যাবে তা' বলল কে?
রসুলও তোদের সেই অবতার
সেটাও তোরা ভুললি যে!

(বিবিধ-সূক্ত, দ্বিতীয় খণ্ড, ছড়া, আদর্শ অধ্যায়, বাণী-সংখ্যা ৪)

১১

পূরয়মাণ পরম আচার্য্য গুরু-পুরুষোত্তম
বা পরম স্বতঃসত্ত বা তথাগতের আবির্ভাব
কোন বাঁধা-ধরা স্থল বা প্রথার
ভিতর-দিয়েই হ'য়ে উঠবে
এমন কোনই কথা নেই;
বিশেষ কোন জাতিই হো'ক,
বিশেষ কোন বর্ণই হো'ক,
বিশেষ কোন ধর্ম্মসংস্থা বা দ্বিজাধিকরণই হো'ক,
তার ভিতরই যে তাঁর অভ্যুদয় হতে হবে—
তার কোন স্থিরতা নেইকো;
তিনি ধনীর ঘরেও আবির্ভূত হ'তে পারেন,
মহা-দরিদ্রের ঘরেও আবির্ভূত হতে পারেন,
অত্যন্ত হীনজাতির ঘরেও আবির্ভূত হ'তে পারেন,
অত্যন্ত উচ্চজাতির ঘরেও আবির্ভূত হ'তে পারেন,
কিন্তু এটা ঠিকই,
যেখানেই আসুন তিনি,
যাঁদের ভিতর-দিয়েই আবির্ভূত হোন না তিনি,
তাঁরা সশ্রদ্ধ ইষ্টার্থপরায়ণ

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

সহজ ও সলীল অনুকম্পা-অনুসৃত
আকৃতিপ্রবণ হ'য়েই থাকেন প্রায়শঃ,
যেখানে গণসত্তার উৎক্রমণী আহ্বান
কেন্দ্রায়িত হ'য়ে
অনুকম্পাঘন হয়ে
সুদৃঢ় আকৃতি-উচ্ছল হয়ে থাকে;
আবার, সেই দেশেই তাঁ'র আবির্ভাব হ'য়ে থাকে—
যে-দেশের সমাজ-নিয়ন্তাগণ
এমনতরই একটা
বিপাক-আবর্ত্তনের সৃষ্টি ক'রে তোলে
যা'র ভিতর-দিয়ে
লোকের সত্তা-সংরক্ষণী উৎকণ্ঠ আবেগ
দীর্ঘনিঃশ্বাসের সহিত উদ্ভিন্ন হ'য়ে
অজান চাহিদায়
'তুমি এস, বাঁচাও' ব'লে
আহ্বান ক'রতে থাকে,
আর, ঐ হচ্ছে তাঁ'র আবির্ভাবের আগম-আহ্বান;
তাই, কোন মনগড়া
বাঁধা-ধরা নীতির নিগড়ে আবদ্ধ হ'য়ে
কোন সম্প্রদায়, সমাজ বা সংহতিতেই
তাঁর অভ্যুত্থান হ'য়ে উঠতে নাও পারে,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

কারণ, তিনি সব সম্প্রদায়ের, সব সমাজের,
সব দ্বিজাধিকরণেরই পরিপূরক—
সত্তা-সংরক্ষী অভ্যুদয়ের উদ্গাতা,
বৈশিষ্ট্যপালী ব্যক্তিস্বাতন্ত্রী লোকতন্ত্র-বিধায়ক ;
ফল কথা,
দুনিয়ার চাহিদা যেখানে আকুল-কণ্ঠে
মূক-গভীর বেদন-উৎকণ্ঠায়
সুকেন্দ্রিক আগ্রহ-অপেক্ষায়
চকিত চলনে অপেক্ষা করে—
বাক্য, ব্যবহার ও চালচলনের
সমঞ্জসা আকৃতি নিয়ে
আবির্ভাবও হয়ে থাকে তাঁর সেখানেই প্রায়শঃ।

(আদর্শ-বিনায়ক, বাণী-সংখ্যা ২৩৩)

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

১২

আমি আবার বলি,
বেশ ক'রে বিনিয়ে
বুঝে দেখ—
ঈশ্বরের কোন সম্প্রদায় নেই,
প্রেরিত-পুরুষ যাঁ'রা
তাঁ'রাও
কোনো সম্প্রদায় উপলক্ষ ক'রে
আসেন না,
তাই, তাঁ'দেরও
কোন সম্প্রদায় নেই;
হিন্দুই বল,
বৌদ্ধই বল,
মুসলমানই বল,
ক্রীশ্চানই বল,
প্রত্যেকেই
ধর্ম্মের উপাসক;
প্রেরিত-পুরুষ যাঁ'রা
প্রত্যেকেই
বৈশিষ্ট্যপালী আপূরয়মাণ;

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

তাঁ'রা বৈশিষ্ট্যকে
বিশেষেই উন্নীত ক'রে থাকেন—
আরো-আরো
অভিদীপ্তি নিয়ে ;
ব্যষ্টিগত ভিন্নতা আছেই,
আর, এই বিভিন্নের
একায়িত সঙ্গতিও আছে,
দুনিয়ায় একটার মতন
আর একটা কিন্তু নেই,
তবে, অবিকল সমান না থাকলেও
সদৃশ আছে,
এক কথায়—
প্রত্যেকটিরই
নিজস্ব রকম আছে,
জাতি, বর্ণ, গুণ ও কর্ম্মের
অনুবন্ধন আছে,
বৈশিষ্ট্যের
ঐতিহ্য-সাংস্কারিক
গুণ ও কর্ম্মে বিনায়িত
বিশিষ্ট ব্যক্তিত্ব আছে,
আর, সব যা'-কিছুর
অন্তঃস্থ হ'য়ে আছেন তিনি—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

উৎসর্জ্জনী জীবন ও বৃদ্ধিতে
খরস্রোতা হ'য়ে;
কোন বৈশিষ্ট্যকেই
তিনি ভাঙ্গেন না,
তিনি প্রত্যেক বিশেষেরই
আপূরয়মাণ,—
তাই, প্রত্যেক বিশেষত্বেরই
আপূরয়মাণ,—
তা' চিরদিনই,
তাই, তিনি
বৈশিষ্ট্যপালী আপূরয়মাণ;
প্রেরিত-পুরুষই বল, অবতারই বল,
যাঁ'রা আসেন—
ঐ একেরই অবতরণ;
এই মানবদেহে
তাঁ'রা মানব হ'য়ে এসেও
সমগ্র দুনিয়ার
প্রতিটি বিশেষের প্রতি
করুণা-নির্ঝর;
একজনের পর
অন্য যিনি আসেন,—

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

তিনি পূর্ব্বতনেরই
নবকলেবর ;
একজনকে অবজ্ঞা ক'রলে
সবাইকে অবজ্ঞা করা হয়,
কারণ, তাঁ'রা
ভিন্ন হ'য়েও—
এক ;
আমরা
সম্প্রদায় গ'ড়ে থাকি
ভ্রান্তির সৌধ নির্ম্মাণ ক'রতে,—
এক-একটি
বিশেষ ভাব নিয়ে
যাঁরা একসাথে চলেন—
জাতি-বর্ণ ও বৈশিষ্ট্য-অনুগ
উৎসর্জ্জনায়
তাঁ'দের নিয়েই
তৈরী হয় সমাজ ;
প্রতিটি ব্যষ্টিগত জীবনেই
ধর্ম্ম আছে,
প্রত্যেকেই
বিহিত উৎসর্জ্জনায়
তাঁ'র উপাসনা ক'রে থাকে—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

স্বীয় বোধ-বিনায়িত
কৃতি-তৎপরতায়,—
যা' নাকি
তা'র উপাস্য প্রেরিত-পুরুষ
বা অবতার-পুরুষের দিকে
তাঁ'র মতন ক'রেই নিয়ে যায়—
অস্খলিত নিষ্ঠানন্দিত
উদ্দাম উৎসর্জ্জনার সৃষ্টি ক'রে—
কৃতি-সন্দীপনায় ;
প্রতিটি অস্তিত্বই
প্রতিটি অস্তিত্বের
সঙ্গতিশীল সন্দীপনা—
যা'র ভিতর-দিয়ে
প্রত্যেকেই প্রত্যেককে জানে—
প্রত্যেক যা'-কিছুর বিশেষত্ব নিয়ে
প্রতিটি উদ্ভাবনার
অনুভাবিত উর্জ্জনায় ;
ঐ নিষ্ঠার ভিতর-দিয়ে
কৃতি-সন্দীপনী পরিচর্য্যায়
পরস্পর পরস্পরকে
উচ্ছল ক'রে

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

বোধ-বিকাশের
প্রাঞ্জল লীলায়িত লাস্য নিয়ে
উপভোগ ক'রে থাকে
প্রত্যেকে প্রত্যেককে ;
অসৎ যা'
হিংস্র যা'
সেগুলি
তা'র বিচ্ছেদ এনে দিয়ে থাকে,
তাই, প্রত্যেকেই
অসৎ-নিরোধী হ'য়েও
আপূরণ-সম্বেগী ;
তাই বলি,
মনে যেন থাকে, স্মরণ রেখো,
ভুলে যেও না,—
ঈশ্বর এক, ধর্ম্ম এক,
ব্যক্তি-হিসাবে
বিশেষ বিনায়নে
বিশেষের ভিতর
তিনি প্রকট হ'য়ে থাকেন ;
প্রেরিত-পুরুষ
বা অবতার-পুরুষ বা পুরুষোত্তম
যা'ই বল না—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

ঐ এক,
স্বতঃসন্দীপ্ত ধারয়িতা
ও পালয়িতা যিনি,
ঈশ্বর যিনি,
অধিপতি যিনি,—
তাঁ'রই
বাস্তব ভাব-অভিষিক্ত
গুণদীপ্ত নরকলেবর,
এবং প্রত্যেক অবতার-পুরুষই
দেশ-কাল-পাত্র ও যুগ-উপযোগী
যেখানে যেমন প্রয়োজন
তেমনতর অনুশীলন-অনুদীপনায়
উদ্দীপ্ত ক'রে মানুষকে
সার্থক ক'রে তুলতেই আসেন;
আর, নিষ্ঠানন্দিত যা'রা—
অনুগতি-কৃতিসম্বেগের
শ্রমপ্রিয় তৎপরতায়, কৃতিযাগে
সেগুলি উপভোগ ক'রে সার্থক হ'য়ে ওঠে;
আমি বলি—
তুমিও সার্থক হও।

(আদর্শ-বিনায়ক, বাণী-সংখ্যা ২৩৮)

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

১৩

দয়াল আমার!

মূর্ত্ত খোদার-দোস্ত আমার!

আমি কিছু বুঝি না,

জানার অভিমান তোমার অনুগ্রহে

আমার পক্ষে

অসম্ভব হ'য়েই আছে,

ভরসা—

তোমার অনুগ্রহদীপ্ত বোধপ্রভা;

আমি মূর্খ, অসহায়,

তাই, আমার অজ্ঞাতসারে

তোমার অনুগ্রহ

পরিপ্লাবিত ক'রে তোলে আমার হৃদয়;

অজ্ঞ আমি,

'মেরাজ' কা'কে বলে

তা' আমি বুঝি না,

মেরাজের অর্থ কী

তা'ও আমার অধিগত নয়,

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

সম্বল—

এই অকিঞ্চিৎকর আমার প্রতি

তোমার অনুগ্রহদৃষ্টি,

তা' বিশ্বাস না ক'রলে,

তা'তে আস্থা না রাখলে,

অধিশায়নী অনুধাবনের

সৃষ্টি না হ'লে তা'তে

আমি কি ক'রে তোমার কথা বলব?

কেমন ক'রে জানি না—

মনে হয়—

দুনিয়ার প্রতি বিতৃষ্ণা যতই

তোমাকে আগলে ধরল,

ঈশ্বরতৃষ্ণাও

রাগদীপনী তৎপরতায়

তোমাতে উচ্ছল হ'য়ে উঠল;

ঐ উচ্ছল আতিশয্যের

অনুধাবনী অনুচলন

দুনিয়ার ভোগতৃষ্ণা হ'তে

তোমাকে অমনতর ক'রে তুলেছিল,

ঈশ্বর-অনুরাগে যতই তুমি

উদ্দাম হ'য়ে উঠতে লাগলে,—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

দুনিয়ার আসক্তিও তোমা হ'তে
ততই বিদায় নিতে লাগল ;
ঐ আকুল আগ্রহ-উন্মাদনার
উচ্ছল প্রস্রবণ
'খোদা' 'খোদা' ব'লে যখন
হৃদয়-স্পন্দনকে
আন্দোলিত ক'রে তুলতে লাগল,—
তুমি থাকতে পারলে না,
তুমি চ'ললে সেই
জেরুজালেমের মন্দিরে
সন্তর্পিত নিশীথ অভিসারে ;
যা' শুনেছি—
খোদার উদ্দেশ্যে এই অনুরাগ-উচ্ছল
অভিগমনকেই
পবিত্র ভক্ত মহাজনরা বোধ হয়
'আছরা' বা 'এছরা' ব'লে থাকেন ;
ভাবলে—
'খোদা' 'খোদা' ব'লে
সেখানেই তুমি নিঃশেষ হ'য়ে যাবে—
পরমকারুণিক পরমপুরুষ
খোদার প্রণয়োচ্ছল অঙ্কে ;

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

একখানা চৌকষ প্রস্তরের উপর ব'সে
উদ্দাম অনুরাগে
অন্তরে 'খোদা' 'খোদা' ব'লে
অধীর হ'য়ে উঠেছিলে,
তাঁর প্রীতির আবেগ
ক্রমেই তোমার অন্তঃকরণকে
আচ্ছন্ন-উচ্ছল ক'রে তুলতে লাগল;
ঐ অনুরাগ-উদ্দীপ্ত উচ্ছল অনুধাবনী
উদ্দাম তন্ময়তা—
তোমার অন্তঃস্থ ঐ আবেগরাগ
নানারকম মূর্ত্তি গ্রহণের সহিত
একটা ঘোড়ার আবির্ভাব ক'রে দিল—
তা' যেন বিদ্যুদ্বিভাসিত—
তা' শক্তিতে, সমৃদ্ধিতে, ধৃতিসন্দীপনায়,
ঈশ্বরদূতের আবির্ভাব-উদ্বোধনায়;
খোদার দোস্ত তুমি
তা'তে চাপলে,
অনেক ওঠাপড়া ক'রেও
তুমি তা'কে ছাড়নি;
ঐ প্রস্তরখণ্ডও সেই তা'রই পৃষ্ঠে
অধিষ্ঠিত ছিল,

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

ঘোড়ার দু'টি পাখা
ও চারখানি পা ছিল—
শূন্য-ভ্রমণশীল,
এবং তা'র মুখ ছিল স্ত্রীলোকের মতনই—
সুন্দর, সুপ্রভ;
আমি তা'কে সুরত বলি,
সন্দীপনী অনুরাগও ব'লে থাকি তা'কে,
কেউ-কেউ নাকি তা'কে
'রূহ' ব'লেও আখ্যায়িত ক'রে থাকেন;
এমনি ক'রেই
চন্দ্রলোক ভেদ ক'রে
তুমি খোদার সান্নিধ্য-লাভ
যখনই ক'রলে,
তাঁর প্রীতি-বিহ্বল অনুধায়না
যখন তোমাকে আলিঙ্গন ক'রে তুলল,
তাঁ'র নিদেশগুলি যখন
জ্যোতিষ্কের মত তোমার অন্তরে
উদ্ভাসিত হ'য়ে উঠল,—
তোমার উপলব্ধি হ'ল—
তোমারই মত তিনি,
তুমি রসুল, খোদার দোস্ত,
মূর্ত্ত নরনারায়ণ,
খোদার অভিনিবেশ-অনুশাসিত পূতমূর্ত্তি;

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

আমার মনে হয়,
সাধু মহাজনেরা
তোমার ঊর্দ্ধচারণাকেই
'মেরাজ' ব'লে থাকেন;
খোদাকে অভিবাদন ক'রে
এই দুনিয়ার পৃষ্ঠে
তুমি সজাগ হ'য়ে উঠলে—
সন্দীপনার সুদৃঢ় সন্ধান নিয়ে,
মানুষের ব্যথা তুমি প্রাণ ভ'রে
তাঁর কাছে পরিবেষণ ক'রলে;
ধৃতি-ধর্ম্ম তুমি,
মানুষের বাঁচাবাড়াকে উচ্ছল ক'রবার জন্য
তখন যা' যা' করবার ছিল—
তা' করতে ত্রুটি করনি;
এই 'মেরাজ' তোমার অনেকবার হ'য়েছে,
আর, অমৃত-দ্যোতনাও আহরণ ক'রেছ
খোদার কাছ থেকে
অমনতরই তুমি;
আর, ভাষার দ্যোতনায়
ব্যবহারের দ্যোতনায়
প্রীতিপ্রসন্ন ধৃতিদ্যোতনায়

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

তুমি সেগুলিকে
দুনিয়ার প্রতিটি ব্যষ্টিকে
দিতে কসুর করনি;
আমি জানি না দয়াল!
আমি বুঝি না,
তুমি দুনিয়ার রসুল,
খোদার দীপ্ত মূর্ত্ত দোস্ত—
বৈশিষ্ট্যপালী, আপূরয়মাণ,
স্থান, কাল, পাত্রের পরম নিয়ামক,
তুমি পূর্ব্বতন সব নবীদেরই পুণ্য প্রতীক,
আর, পূর্ব্বতন সব নবী
তোমারই পুণ্য অভিব্যক্তি;
আমার এই অকিঞ্চিৎকর ধারণা—
জানি না—
বাস্তব অনুপ্রেরণায়
কল্যাণপ্রভ হ'য়ে উঠবে কিনা,
কিন্তু এটা ঠিকই—
আমি যতই অকিঞ্চিৎকর হই না,
সুব্যক্ত অনুরঞ্জনায়
তোমার অনুপ্রেরণাকে
আমি যতই ব্যক্ত ক'রতে পারি
বা না-পারি,—

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

তুমি শুধরে নেবেই,
তুমি দেখবেই—
কোন দিক্-দিয়ে
কোন ক্ষতির কারণ না হয় তা';
ভ্রান্ত ধারণায় কেউ বিভ্রান্ত না হয়;
লোকের জিজ্ঞাসা
আমাকে যেমন আন্দোলিত ক'রে তুলেছে,—
তোমার অনুগ্রহ
যেমন বিস্ফারিত ক'রে তুলেছে আমাকে,—
আমি তা'ই বললাম;
দয়াল! আমাকে ক্ষমা ক'রো,
আমার ধৃতি-প্রার্থনাকে মঞ্জুর ক'রে তুলো,
আমার প্রীতি-প্রার্থনাকে
পরিচ্ছন্ন ক'রে তুলো,
আমার চর্য্যানিরতিকে উচ্ছল ক'রে দিও,
যা'তে আমি তেমনি ক'রে
তোমারই অনুসরণে
তাঁর দিকে এগিয়ে যেতে পারি—
আমার যা'-কিছু সবকে নিয়ে,
যেন প্রাণ খুলে বলতে পারি—
'সব সত্তায়, প্রতিটি সত্তায়,

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

প্রকাশক: সৎসঙ্গ পাবলিশিং হাউজ, দেওঘর

ভূত ভবিষ্যতে অনুস্যূত যা'-কিছু
প্রত্যেকের ভিতরই খোদার দ্যোতনা,
তোমরা বাঁচ, বাড়,
সুসংবৃদ্ধ হও,
সুদীর্ঘজীবী হ'য়ে
অমরস্নাত হ'য়ে
রসুলকে উপভোগ কর';
আর তো কিছু বুঝি না,
আর তো কিছু জানি না;
জঞ্জালময় মানুষ-প্রকৃতির
আদিম উৎসারণা
আমি তোমার কাছে
নিবেদন ক'রলাম,
আমাকে সহ্য কর, আমাকে ধ'রে চল,
অধ্যবসায়ী ক'রে
আমাকে জ্ঞানরাগ-উচ্ছল ক'রে তোল;
আর, এই ভিক্ষা—
এই প্রার্থনা আমার
প্রতিপ্রত্যেকের জন্য—
দুনিয়ায় কেউ যেন বঞ্চিত না হয়।

(তপোবিধায়না, দ্বিতীয় খণ্ড, বাণী-সংখ্যা ২৩৫)

ডিজিটাল প্রকাশক: শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, নারায়ণগঞ্জ জেলা শাখা, নারায়ণগঞ্জ।

১৪

ব্যক্তিগত ও সমবেত সন্দীপনায়
কৃতিদীপনী
লোকরঞ্জন-তৎপর যিনি—
তিনিই তো প্রকৃতির আশীর্ব্বাদ,
আর, তিনিই প্রাকৃতিক রাজা,
তিনিই তো সহজ মহাপুরুষ;
আর, তাঁ'র সিংহাসন হ'চ্ছে—
বোধদীপ্ত হৃদয়,—
যা' শিষ্ট ও সৎ-অনুবেদনা-রঞ্জিত,
আর, কৃতিই হ'চ্ছে
তাঁ'র দীপ্ত আশীর্ব্বাদ।

(বিবিধ-সূক্ত, দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা ৪০)